



# নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা।

ই মেইল: [precs@dhaka.net](mailto:precs@dhaka.net)

ওয়েব সাইট : [www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)

ফোন : ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭

ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নিকস/জঃসঃ/১৩/জাঃসঃনিঃ/সংঃবিঃ/২০০৭/১৫৭২

তারিখঃ ০৬/১২/২০০৬

## সংবাদ বিজ্ঞপ্তি

বিষয় : পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদান।

আগামী ২১ জানুয়ারী, ২০০৭ তারিখে জাতীয় সংসদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদ অনুসারে এবং ভোটার তালিকা অধ্যাদেশ, ১৯৮২ এর সংশ্লিষ্ট ধারা অনুসারে বর্ণিত ভোটার হিসাবে তালিকাভুক্ত সরকারী বা পাবলিক অফিসে কর্মরত কর্মকর্তা বা কর্মচারী বা তাঁদের স্ত্রী বা স্বামী বা পুত্র বা কন্যা এবং সরকারী হেফাজতে বা জেলখানায় আটক ব্যক্তিগণ পোস্টাল ব্যালট পেপারে বা ডাকযোগে ভোটদানে ইচ্ছুক হলে নির্বাচনী সময়সূচী জারীর ১৫ দিনের মধ্যে এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণ নিয়োগপ্রাপ্ত হবার সংগে সংগে তাঁদের নির্বাচনী এলাকার রিটার্নিং অফিসারের নিকট ভোটদানের জন্য দরখাস্ত দাখিল করতে পারবেন। উক্ত আবেদন সম্বলিত দরখাস্তে ভোটারের নাম, ঠিকানা এবং ভোটার তালিকায় ভোটারের ক্রমিক নম্বর লিপিবদ্ধ করতে হবে। উল্লেখ্য গত ২৭ নভেম্বর ২০০৬ তারিখে নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে।

রিটার্নিং অফিসারের নিকট থেকে ব্যালট পেপার ও নির্ধারিত ফরম সমূহ প্রাপ্তির পর সেগুলো যথাযথ পূরণ পূর্বক নির্দিষ্ট সময়ের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করতে হবে।

এ সম্পর্কে বিস্তারিত জানতে ইচ্ছুক ভোটারগণ সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের সাথে যোগাযোগ করতে পারেন। সকল জেলা প্রশাসক, ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার নির্বাচনী এলাকা সমূহের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার এবং নির্বাচনী এলাকা-১৬০ (ময়মনসিংহের সাথে নেত্রকোনা) এর জন্য অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজশ্ব), ঢাকা-কে এবং নির্বাচনী এলাকা-১৩২ (বরিশালের সাথে পিরোজপুর) এর জন্য অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সাধারণ), বরিশাল-কে রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে।

  
(এস এম আসাদুজ্জামান)

জনসংযোগ কর্মকর্তা (সিঃসিঃ)

ফোন : ৮১১৪১৭৬

বাসা : ৮০৫৩৪৭৬